

## অবকাঠামোহীন কলেজে স্নাতক-স্নাতকোত্তর শিক্ষার মান নিয়ে আপস করা যাবে না

শিক্ষার মান নিশ্চিত করতে প্রয়োজন মানসম্মত শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষক। অথচ গতকাল আমাদের সময়ে প্রকাশিত-প্রতিবেদনে জানা গেছে, দেশের উপজেলা পর্যায়ে সরকারি কলেজগুলোয় প্রয়োজনীয় শিক্ষাব্যবস্থা না থাকলেও চালু আছে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর কোর্স। শিক্ষা মন্ত্রণালয়ের সমীক্ষা প্রতিবেদনে বলা হয়, বিচ্ছিন্নভাবে সরকারি কলেজগুলোয় বিভিন্ন বিভাগে পদ সৃষ্টি ও নতুন বিষয় খোলায় সময়হীনতা ছিল। প্রয়োজনীয় ভেঁত অবকাঠামো না থাকায় মানসম্মত উচ্চশিক্ষা বাস্তবায়নে কার্যকর ও যথাযথ ভূমিকা রাখতে পারছে না। তাই জেলা শহরে অবস্থিত সরকারি কলেজগুলোতেই স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর কোর্স চালু রাখা শ্রেয়।

এ কথা অস্বীকার করার উপায় নেই, দেশে পাসের হার বেড়েছে। ওই সঙ্গে বেড়েছে শিক্ষার্থীর সংখ্যাও। তবে শিক্ষার্থী বৃদ্ধির অনুপাতে শিক্ষার মান উন্নয়ন করা না গেলে এ থেকে কোনো-সুফল-পাবে-না-জাতি-চাহিদা-থাকা-সত্ত্বেও দেশে-পাবলিক-বিশ্ববিদ্যালয়ের সংখ্যা বাড়ানো সম্ভব হয়নি। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন কলেজগুলোর বেশিরভাগেরই নেই প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক, পাঠাগার ও গবেষণাগারসহ সমর্থিত পাঠদানের ব্যবস্থা- না আছে অবকাঠামোসহ অন্য আনুষঙ্গিক সুবিধা। বিষয়ভিত্তিক প্রয়োজনীয় শিক্ষক এবং গুণগত মানের মুক্ত পরিবেশ ও সুযোগ না থাকায় এসব প্রতিষ্ঠান থেকে স্নাতক উত্তীর্ণদের জানার ভিত্তি দুর্বল হওয়াই স্বাভাবিক। শিক্ষার জন্য মানসম্পন্ন শিক্ষক যেমন প্রয়োজন, তেমনি নিশ্চিত করতে হবে শিক্ষার পরিবেশ। অবকাঠামোহীন কলেজে স্নাতক-স্নাতকোত্তর কোর্স চালু রেখে কোনো লাভ নেই। শিক্ষার মান নিয়ে কোনো আপস করা যাবে না।